

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭১৭

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - মক্কার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

بَابُ حَرَمٍ مَكَّةَ حَرَسَهَا اللهُ تَعَالَى

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا يَحِلُّ لِأَحَدِكُمْ أَنْ يَحْمِلَ بمكةَ السِّلَاح» . رَوَاهُ مُسلم

বাংলা

২৭১৭-[৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, মক্কায় অস্ত্র বহন করা কারো জন্য হালাল নয়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩৫৬, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৯৬৯৯, সহীহ আল জামি' ৭৬৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا يَحِلُّ لِأَحَدِكُمْ أَنْ يَحْمِلَ بِمَكَّةَ السِّلَاحَ) "তোমাদের কারো জন্যই মক্কাতে অস্ত্র বহন করে নিয়ে যাওয়া বৈধ নয়।"

জমহূরের মতে প্রয়োজন ব্যতীত মক্কাতে অস্ত্র বহন করা বৈধ নয়। হাসান বাসরীর মতে কোনভাবেই তাতে অস্ত্র বহন করা বৈধ নয়। জমহূরের দলীলঃ বারা বর্ণিত হাদীস যাতে আছে- "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যিলকদ মাসে 'উমরা করতে রওয়ানা হলে মক্কাবাসী তাকে বাধা প্রদান করে। অতঃপর তারা এ মর্মে চুক্তিতে উপনীত হন যে, মুসলিমগণ কোষবদ্ধ তরবারি নিয়ে মক্কাতে প্রবেশ করতে পারবে।

ইবনু 'উমার (রাঃ) বর্ণিত হাদীস 'রোসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'উমরা করার উদ্দেশে বের হলে মক্কার কুরায়শগণ তাকে বাধা প্রদান করে। অতঃপর তারা এ মর্মে চুক্তিতে উপনীত হন যে, পরবর্তী বৎসর তারা শুধুমাত্র তরবারি নিয়ে মক্কাতে প্রবেশ করতে পারবে।" এ হাদীস দু'টি ইমাম বুখারী বর্ণনা করেছেন। 'আল্লামা



শাওকানী (রহঃ) বলেনঃ উপরে বর্ণিত হাদীসদ্বয় প্রমাণ করে যে, প্রয়োজনে মক্কাতে অস্ত্র বহন করা বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন